

যেন ভুলে না যাই!

- ❖ যে কোন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ খেলায় সবাই যেন সমান সুযোগ পায় সেক্ষেত্রে ক্রীড়াবিদের অবস্থান জানা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।
- ❖ ক্রীড়াবিদ নিজে শুধুমাত্রই নিজে তার সঠিক অবস্থানগত তথ্যের জন্য দায়ী।
- ❖ ক্রীড়াবিদ তার প্রতিনিধি বা এজেন্টকে তথ্যগত ভুলের জন্য অথবা তথ্য হালনাগাদ না করার জন্য কখনই দায়ী করতে পারবে না।
- ❖ নিবন্ধনকৃত ক্রীড়াবিদ প্রতি ৩ মাস অন্তর যেন নিজের অবস্থানগত তথ্য হালনাগাদ করেন যাতে ডোপ টেস্টের জন্য যে কোন সময় যে কোন স্থানে তার দেয়া তথ্য অনুযায়ী তাকে পাওয়া যায়।
- ❖ পরিছন্ন ক্রীড়ার স্বার্থে ক্রীড়াবিদের অবস্থানগত হালনাগাদ তথ্য খুবই গুরুত্বপূর্ণ।
- ❖ নিবন্ধনকৃত ক্রীড়াবিদ ডোপ পরীক্ষণের জন্য প্রাথমিকভাবে দেয়া তথ্যে তার অবস্থান পরিবর্তিত হলে সেটা ক্রীড়াবিদ নিজে অথবা তার প্রতিনিধি/এজেন্টের মাধ্যমে যেন হালনাগাদ করে নেয়। না করার ফলে ডোপ টেস্ট পরীক্ষণের সময় ক্রীড়াবিদকে পাওয়া না গেলে ডোপ পরীক্ষণে ক্রীড়াবিদ ব্যর্থ হয়েছে বলে রেকর্ডবুকে লিপিবদ্ধ হবে।



ডোপিং নিয়ন্ত্রণের তথ্যসমূহ প্রতিনিয়ত পরিবর্তন, পরিবর্তন, সংযোজন ও বিয়োজন হচ্ছে। বিস্তারিত জানতে সংশ্লিষ্ট সংস্থাসমূহ যেমন: জাতীয় ও আন্তর্জাতিক ফেডারেশন, জাতীয় ডোপিং বিরোধী সংস্থা, বিশ্ব ডোপিং বিরোধী সংস্থা তথা WADA এর সাথে যোগাযোগ করতে পারেন।



wada-ama.org • info@wada-ama.org
facebook.com/wada.ama • twitter.com/wada_ama

Headquarters	800 Place Victoria, Suite 1700, P.O. Box 120, Montreal, QC, H4Z 1B7, Canada • Tel.: +1.514.904.9232 • Fax: +1.514.904.8650
Africa	Protea Assurance Building, 8th Floor, Greenmarket Square, Cape Town, 8001, South Africa • Tel.: +27.21.483.9790 • Fax: +27.21.483.9791
Asia/Oceania	C/O Japan Institute of Sports Sciences, 3-15-1 Nishigaoka, Kita-Ku, Tokyo, 115-0056, Japan • Tel.: +81.3.5963.4321 • Fax: +81.3.5963.4320
Europe	Maison du Sport International, Avenue de Rhodanie 54, 1007 Lausanne, Switzerland • Tel.: +41.21.343.43.40 • Fax: +41.21.343.43.41
Latin America	World Trade Center Montevideo, Tower II, Unit 712, Calle Luis A De Herrera 1248, Montevideo, Uruguay • Tel.: +598.2.623.5206 • Fax: +598.2.623.5207

অনুবাদ: ডাঃ মোঃ শফিকুর রহমান

আপো বিস্তারিত জানতে www.wada-ama.org

ক্রীড়াবিদের অবস্থান কোথায়, কখন Athlete Whereabouts



In partnership with  **WADA**

এক নজরে



বিশ্বব্যাপী ক্রীড়াবিদরা হচ্ছেন শুভেচ্ছাদূত এবং অনুকরণীয় আদর্শস্বরূপ। পরিছন্ন ক্রীড়ার স্বার্থে প্রতিজন ক্রীড়াবিদ কোথায়, কখন, কিভাবে অবস্থান করছেন এটা ডোপিং বিরোধী সংস্থাকে অবহিতকরণকে আমরা **Whereabouts** বলতে পারি এবং এটা ক্রীড়াবিদের দায়িত্বের পর্যায়ে পড়ে।

কেন ?

পরিছন্ন ক্রীড়ার স্বার্থে, ক্রীড়াবিদের অধিকার রক্ষার্থে তাদের অবস্থান জানানোর বিধান রাখা হয়েছে। বছরব্যাপী ক্রীড়াবিদের সুনির্দিষ্ট অবস্থান ডোপিং বিরোধী সংস্থাকে ক্রীড়াবিদের দৃষ্টি আকর্ষণ ব্যতিরেকে ডোপ টেস্ট করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। কার্যকর ডোপিং বিরোধী কার্যক্রম পরিচালনার জন্য বিনাদৃষ্টি আকর্ষণে ক্রীড়াবিদের ডোপ টেস্ট করা হয়, এই সঠিক অবস্থান পূর্ব হতে সংরক্ষণের মাধ্যমে।

কারা অন্তর্ভুক্ত ?

খুবই অল্পসংখ্যক ক্রীড়াবিদ এই সুনির্দিষ্ট পরীক্ষণ কর্মসূচীর নিবন্ধনভুক্ত এবং তাদেরকে সঠিক এবং বর্তমান অবস্থানের তথ্য ডোপিং বিরোধী সংস্থাকে প্রতিনিয়ত দিতে হয়।

আন্তর্জাতিক ফেডারেশন এবং জাতীয় ডোপিং বিরোধী সংস্থা কোন কোন ক্রীড়াবিদ এই সুনির্দিষ্ট পরীক্ষণের নিবন্ধনভুক্ত হবেন তা নির্ধারণ করে থাকেন।

কি কি তথ্য দিতে হয় ?

- বাসার ঠিকানা
- প্রশিক্ষণকালীন ঠিকানা
- প্রতিযোগীতার সময়সূচী
- নিয়মিত ব্যক্তিগত কার্যক্রম
- নিবন্ধনকৃত ক্রীড়াবিদদের দৈনন্দিন কার্যাবলী হতে সুনির্দিষ্ট ৬০ মিনিট সময় উল্লেখ করা যখন তিনি ডোপ পরীক্ষণের জন্য সময় দিতে পারবেন।

মনে রাখা দরকার সকল ক্রীড়াবিদকে যে কোন সময় যে কোন স্থানে ডোপ টেস্টের জন্য ডাকা হতে পারে।



তথ্য হালনাগাদকরন



ক্রীড়াবিদ ই-মেইল অথবা এসএমএস এর মাধ্যমে সর্বাধিক ডোপিং বিরোধী সংস্থাকে নিজের অবস্থান হালনাগাদ করতে পারবেন।

বৈধ যে কোন কারণে একজন ক্রীড়াবিদ নিজের সরবরাহকৃত অবস্থান পরিবর্তন করতে পারেন তবে তার যথাযথ ব্যাখ্যা দিতে হবে।



ক্রীড়াবিদ নিজের এজেন্ট অথবা অন্য প্রতিনিধির মাধ্যমে তার অবস্থানের তথ্য দিতে পারবেন কিন্তু মনে রাখতে হবে যে, সমস্ত তথ্যের জন্য ক্রীড়াবিদ নিজেই দায়ী থাকবেন। দলীয় খেলায় দলের অংশ হিসাবে ক্রীড়াবিদের অবস্থান দলের কোচ অথবা কর্মকর্তা দিতে পারবেন।